# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 16 April, 2025

চলতি বছরের জানুয়ারিতে দ্বিতীয় দফায় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে ফিরে এসেছেন ডোনাল্ড ট্রাম্প। ক্ষমতায় আসার পরে একের পর এর নির্দেশ জারি করে চলেছেন মার্কিন রিপাবলিকান এই প্রেসিডেন্ট।

শুল্ক আরোপ থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে তার নীতি নিয়ে নানা সমালোচনাও শুরু হয়েছে। এমন অবস্থায় ট্রাম্প প্রশাসনের কঠোর সমালোচনা করেছেন সাবেক প্রেসিডেন্ট জো বাইডেন।

তার দাবি, সব কিছু ধ্বংস করে দিচ্ছে ট্রাম্পের প্রশাসন।ক্ষমতায় আসার ১০০ দিনের মধ্যেই সেখানে প্রচুর পরিমাণে ক্ষতি এবং ধ্বংসযজ্ঞ ঘটিয়েছে ট্রাম্পের সরকার।বুধবার (১৬ এপ্রিল) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস।

সংবাদমাধ্যম বলছে, চলতি বছরের জানুয়ারিতে ক্ষমতা থেকে বিদায় নেওয়ার পরে স্থানীয় মঙ্গলবার প্রথমবারের জন্য জনসমক্ষে আসেন জো বাইডেন।এদিন শিকাগোতে এক সম্মেলনে বক্তৃতা দিতে গিয়ে ডোনাল্ড ট্রাম্পকে তীব্র আক্রমণ করেন বাইডেন।

এসময় আমেরিকার বাসিন্দাদের সামাজিক নিরাপত্তা নেই বলেও দাবি করেন তিনি। সাবেক মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন জানান, ট্রাম্প ক্ষমতায় আসার ১০০ দিনের মধ্যে যা করছেন তাকে মোটেই ইতিবাচক বলা যায় না।

ট্রাম্পের শাসনকালে আমেরিকায় ভয়ঙ্কর পরিস্থিতি তৈরি হয়েছে বলেও অভিযোগ করেন বাইডেন। সাবেক মার্কিন ডেমোক্র্যাটিক এই প্রেসিডেন্ট বলেন, “১০০ দিনেরও কম সময়ের

মধ্যে, এই নতুন প্রশাসন এতো ক্ষতি করেছে এবং এতো ধ্বংসযজ্ঞ চালিয়েছে করেছে যে–একটা শ্বাসরুদ্ধকর পরিবেশ তৈরি হয়েছে।’

বাইডেন বলেন, “আমরা এতো বিভক্ত জাতি হিসেবে এভাবে চলতে পারি না। আমি যেমন বলেছি, আমি অনেক দিন ধরে এটা করে আসছি। এটা কখনোই এতো বিভক্ত ছিল না।’

যদিও বাইডেনের এই সতর্কবার্তাকে গুরুত্ব দিতে চাইছে না ট্রাম্প প্রশাসন। বাইডেনের ওই বক্তৃতার পরেই তার সমালোচনা করেন হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লিভিট। তার দাবি, ঘুমাতে যাওয়ার সময়ে এই বক্তৃতা দিয়েছেন বাইডেন।

একইসঙ্গে বাইডেন মিথ্যা কথা বলেছেন বলেও দাবি করে হোয়াইট হাউস।

ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্র বাইডেন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:08

URL: https://www.timestodaybd.com/international/883490152